



## এক নজরে ‘বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২’

সংক্ষিপ্ত ধারণাঃ ২০১২ সালে আমরা পৃথিবীকে কিভাবে পরিচ্ছন্ন করবো।

কর্মসূচীর নামঃ বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২!

ওয়েবসাইটের ঠিকানাঃ WorldCleanup2012.org

এটি স্বেচ্ছাসেবীদের দ্বারা সংঘটিত সর্বকালের সেরা পরিচ্ছন্নতা অভিযান!

এটি ১ দিনে ৩০ কোটি মানুষের দ্বারা ১০ কোটি টন বর্জ্য অপসারণের অভিযান!

মূলমন্ত্রঃ পরিচ্ছন্ন পৃথিবী হলো প্রশান্তির! প্রশান্তিময় পৃথিবী গড়ে তোলা একটি আনন্দের বিষয়!

কৃতিত্বঃ এই অভিযান কর্মসূচীর কৃতিত্ব কোন একক ব্যক্তি বা সংস্থার নয়। পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণকারী সকলেই এই মহান কৃতিত্বের সমঅংশীদার।

সফলতার কেন্দ্র বিন্দুঃ যেদিন আমরা সবাইকে সাথে নিয়ে স্বতস্ফূর্তভাবে এই পৃথিবীকে পরিচ্ছন্ন করতে পারবো তার পরদিন থেকে আমাদের আনন্দ উৎসব শুরু হয়ে যাবে।

একদিনের পরিচ্ছন্নতা অভিযান মডেলঃ যে মডেলটি এপর্যন্ত বিশ্বের ৮টি দেশে সফল হয়েছে তা সম্পর্কে একটি সম্যক ধারণা দেয়া যেতে পারে। এটা খুবই একটি সহজ মডেল যেখানে ২টি গুরুত্বপূর্ণ বিষয়কে বিবেচনায় নিয়ে কাজ করতে হয়। প্রথমতঃ প্রয়োজন একটি দেশের যেখানে বেআইনিভাবে বর্জ্য স্তপিকরণ করা হয়, দ্বিতীয়তঃ প্রয়োজন কিছু বিবেকবান অগ্রগামী মানুষের যারা এই নিষ্ক্ষিপ্ত বর্জ্যের একটা বিহিত করতে চায়। এরপর মাত্র ৩টি ধাপে একটি সফল অভিযান বাস্তবায়ন করা যায়;

১. বর্জ্য ম্যাপিং কার্যক্রম-এর মাধ্যমে একটি দেশে কি পরিমাণ বর্জ্য রয়েছে, সেগুলো কি ধরণের বর্জ্য এবং তা কোথায় কাথায় স্তপিকরণ করা হয় সে সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহ করতে হবে।
২. গণ যোগাযোগ-ব্যবস্থা কার্যকর এবং সম্প্রসারণের মাধ্যমে সমাজের সবাইকে ম্যাপিং কার্যক্রমসহ কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিচ্ছন্নতা অভিযানে সহযোগিতা প্রদানের জন্য এগিয়ে আসার আহবান জানাতে হবে।
৩. তারপর একটা নির্দিষ্ট দিন ধার্য করে সবাইকে সাথে নিয়ে এই পচ্ছন্নতা অভিযান সফলভাবে সম্পন্ন করতে হবে।

কিভাবে করবোঃ নিয়মিত যোগাযোগের মাধ্যমে সকল আয়োজকদের সম্মতি ও সহযোগিতার বিষয়টিকে পলপ্রসূ করে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে আমরা এই পরিচ্ছন্নতা অভিযানটি পরিচালনা করবো। অবশ্য এর জন্য যৌথ সচেতনতা এবং বিশ্বব্যাপী কর্মী সংগ্রহ অভিযান পরিচালনা করে স্বেচ্ছাসেবীদের অংশগ্রহণের সংখ্যা ও আমাদের এই পরিচ্ছন্ন অভিযানের সংখ্যা বহুগুণ বাড়িয়ে তুলবো যা থেকে ভবিষ্যতে একটি শক্তিশালী অভিযান পরিচালনার ধারা সূচিত হবে।

বৈশ্বিক বর্জ্য মানচিত্রঃ বৈশ্বিক বর্জ্য মানচিত্রায়নের একটি অভিনব কৌশল খুব শিঘ্রই তৈরী হওয়ার পথে যা পরিচ্ছন্নতা অভিযান আয়োজকদের ব্যবহারের জন্য উন্মুক্ত। নিম্নোক্ত বিষয়সমূহের মননশীল ব্যবহারের মাধ্যমে এই অভিযান কর্মসূচীর সফল বাস্তবায়নে সহায়তা করবে;



- পরিচ্ছন্নতার আওতাভুক্ত বর্জ্যসমূহের মানচিত্রায়ন এবং ভৌগোলিকভাবে চিহ্নিতকরণের ক্ষেত্রে স্মার্ট মোবাইল ফোনের ব্যবহার, জিপিএস, সমন্বিত ম্যানুয়াল রেকর্ড পদ্ধতি এবং খোলামেলা সামাজিক মানচিত্রায়ন কর্মসূচীর আয়োজন করা।
- বর্জ্য মানচিত্রায়ন কৌশল, স্থানীয়-আঞ্চলিক-জাতীয় পর্যায়ে বর্জ্যসমূহের সর্বোত্তম নির্ভরযোগ্য পরিসংখ্যান এবং এই বর্জ্য মানচিত্রায়নের ফ্রেমওয়ার্ক নির্ধারণ করা।
- প্রয়োজনীয় জনবল এবং স্বেচ্ছাসেবীদের একটা ছক তৈরী করা।
- নির্দিষ্ট এলাকার বর্জ্য অপসারণের জন্য স্বেচ্ছাসেবীদের মধ্যে থেকে প্রয়োজনভিত্তিক পৃথক পৃথক দল গঠন করা।
- স্বেচ্ছাসেবীদের নিবন্ধন ও সমন্বয়সাধনের জন্য একটি কার্যকর পদ্ধতি অনুসরণ করা, ই-মেইলে সর্বোত্তম ব্যবহার করে যোগাযোগ ব্যবস্থাপনার উন্নয়ন ঘটানো।
- প্রয়োজনীয় উপকরণাদি সংগ্রহ, সরবরাহ ও তার সঠিক ব্যবস্থাপনা।

**বর্জ্য মানচিত্রায়ন কেনঃ** বর্জ্য মানচিত্রায়নের ফলে বেশিসংখ্যক লোকের অংশগ্রহণ নিশ্চিত হয় এবং পরিচ্ছন্নতার আওতাভুক্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ বর্জ্য এলাকা চিহ্নিত হয়। উত্তম বর্জ্য মানচিত্রায়ন মানে উত্তম পরিচ্ছন্নতা কার্যক্রম যা পরবর্তী প্রত্যেকটি অভিযানে উপকারে আসে।

**আঞ্চলিক সম্মেলনঃ** পরিচ্ছন্নতা অভিযানের ইতিহাস, এই অভিযানের সাথে যুক্ত সকল অংশীদারদের হাতকে আরো সম্প্রসারিত করার লক্ষ্যে এবং রাষ্ট্রীয় পর্যায়ে একটি সফল পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে আগামী ১১ মাসে মোট ১৯টি আঞ্চলিক সম্মেলনের আয়োজন করা হবে।

#### সম্মেলনের তারিখসমূহঃ

- ১-৩ এপ্রিল : আঞ্চলিক সম্মেলন, নয়াদিল্লি, ভারত।
- ১৫-১৭ এপ্রিল : বলকান সম্মেলন, স্লোভেনিয়া।
- ১১-১৩ মে : কঙ্গো সম্মেলন।

-----

জানুয়ারী ২০১২ঃ বৈশ্বিক সম্মেলন, তালিন, এস্তোনিয়া।

বৈশ্বিক বর্জ্য মানচিত্রায়ন শুরুঃ ১০ এপ্রিল ২০১২

বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান-২০১২ শুরু হবে ২৪ মার্চ ২০১২ থেকে এবং শেষ হবে ১৫ সেপ্টেম্বর ২০১২

জাতীয় পর্যায়ে	যোগাযোগঃ আঞ্চলিক পর্যায়ে	আন্তর্জাতিক পর্যায়ে
এম এম মাহবুব হাসান ক্যাম্পেইন কোর্ডিনেটর বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২, বাংলাদেশ কোস্টাল ডেভেলপমেন্ট পার্টনারশিপ (সিডিপি) মুসাফির ভিলা, ৫৩/১ ও ৫৩/২ পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। ফোনঃ +৮৮০-২-৮১৮১৩৯১, মোবাইলঃ +৮৮০১৯১৬০৩৩৪৪৪, ই-মেইলঃ bangladesh@letsdoitworld.org cdpmahbub@yahoo.com, cdp@cdpbd.org www.cdpbd.org	পিল্লি শ্রিন রিজিওনাল কোর্ডিনেটর (বাংলাদেশ, ইন্ডিয়া, শ্রীলঙ্কা, ভূটান ও নেপাল) বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২' লেটস ডু ইট! জিএসমঃ +৩৭২-৫০১২-৮৬৩ ই-মেইলঃ pille@letsdoitworld.org www.letsdoitworld.org www.worldcleanup2012.org	মিসেস টিনা উরম কমিউনিকেশন ও পাবলিক রিলেশনস বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২' লেটস ডু ইট! জিএসমঃ +৩৭২-৫৩০০-০৫১৫ ই-মেইলঃ tiina@letsdoitworld.org www.letsdoitworld.org